

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩৫

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ৫৭. আমানত আদায় করা এবং খিয়ানত থেকে বেঁচে থাকা

باب فِي أَدَاءِ الْأَمَانَةِ وَاجْتِنَابِ الْخِيَانَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا طَلْقُ بْنُ غَنَّامٍ عَنْ شَرِيكٍ وَقَيْسٍ عَنْ أَبِي حَصِينٍ عَنْ أَبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَدِّ إِلَى مَنْ ائْتَمَنَكَ وَلَا تَخُنْ مَنْ ائْتَمَنَكَ وَلَا تَخُنْ مَنْ خَانَكَ

বাংলা

২৬৩৫. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে তোমার নিকট আমানত রেখেছে তুমি তার নিকট সেই আমানত আদায় করে দাও। আর যে তোমার সঙ্গে খিয়ানত করেছে তার সঙ্গে তুমি খিয়ানত করো না।"[1]

ফুটনোট

[1] তাহক্রীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আবূ দাউদ, বুয়ূ ৩৫৩৫; তিরমিয়ী, বুয়ূ ১২৬৪; দারুকুতনী, ৩/৩৫; তাহাবী, মুশকিলিল আছার ২/৩৩৮; তাবারাণী, আওসাত নং ৩৬১৯; তামামু ফাওয়াইদাহ নং ৫৯৩; কুদাঈ, মুসনাদুশ শিহাব নং ৭৪২ হাকিম ২/৪৬; বাইহাকী, দাওয়াত ওয়াত তিবিইয়ান ১০/২৭১; ভয়াবুল ঈমান ৫২৫২; আবূ নুয়াইম, যিকরু তারীখ আসবাহান ১/২৬৯; আরও দেখুন, তারীখুল কাবীর ৪/৩৬০।

আর এর শাহিদ রয়েছে আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে, যা মাজমাউয যাওয়াইদ নং ৬৭৯২ তে। সেখানে আরও একটি শাহিদ হাদীস রয়েছে। ফলে এর দ্বারা হাদীসটি সহীহতে উন্নীত হয়। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82920}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন